জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৶০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

মূল্য ছয় পয়সা

পণ্ডিত-প্রেসে পাইবেন।



৩৯শ বর্ষ | রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—৭ই জ্যৈষ্ঠ বুধবার ১৩৫৯ ইংরাজী 21st May. 1952 | ১ম সংখ্যা



## জীবনযাত্রার পাথেয়

আমাদের গৃহ-সংসার কত আশা ও উৎসাহ, কত শান্তি ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী। বাপ মায়ের সে স্বপ্ন রূঢ় বাস্তবের আঘাতে ভেঙ্গে যাওয়া অসম্ভব নয়, তাই নিজের জন্যও যেমন তাঁদের দুশ্চিন্তা, ছেলে-মেয়ে ও আত্মীয়-পরিজনের জন্যও তেমনি তাঁদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়? হিন্দুস্থানের বীমাপত্র সেই সংস্থানের উপায় স্বরূপ—প্রত্যেকের আর্থিক সঙ্গতি ও বিভিন্ন প্রয়োজন অনুযায়ী নানাবিধ বীমাপত্রের ব্যবস্থা আছে।

জীবনযাত্রার অনিশ্চিত পথে
জীবন বীমা মানুষের
প্রধান পাথেয়।

**হিন্দুস্থান কো-অপারেটিভ**
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস
৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩



## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

৭ই জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৫৯ সাল।

## জঙ্গিপুর সংবাদের
## উনচত্বারিংশত্তম বর্ষ প্রবেশ

—•—

আজ জঙ্গিপুর সংবাদ তাহার অষ্টাত্রিংশত্তম (৩৮) বর্ষ অতিক্রম করিয়া উনচত্বারিংশত্তম (৩৯) বর্ষে পদার্পণ করিল। পাঠক-গ্রাহক-বিজ্ঞাপনদাতা এবং শুভাকাঙ্খিবর্গের অনুগ্রহ ও শুভেচ্ছা আমাদের পাথেয়। আমাদের এই নববর্ষারম্ভে তাঁহাদের আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিয়া ভগবচ্চরণে সকলের মঙ্গল কামনা করিতেছি।

---

## গীতাকা ফেসাদ

—•—

এক রোগ-শোক জর্জ্জরিত গৃহস্থ সংসারে থাকিয়া খুব অশান্তি ভোগ করিতে লাগিল। এই সব যন্ত্রণার হাত হইতে নিস্তার পাইবার জন্য এক সাধুর শরণাপন্ন হইয়া তাঁহার নিকট দীক্ষা গ্রহণ করিল। সাধুবাবা এই শিষ্যকে উপদেশ দিলেন— "বেটা তোম্ সব ছোড় দো, ভিক মাঙ্গো চার মুঠা চাউল হোনেসে তোমহারা পেট চলা যায়েগা। জঙ্গলমে ছোটা কুঁড়িয়া বানাকে রহা যাও। ভগবানজীকা নাম করো, কিসিসে দুসমনী মৎ করো সব কোইকো আপনা দোস্ত সমঝো।"

এই বলিয়া গুরু মহারাজ শিষ্যকে একখানি গীতা প্রদান করিয়া প্রত্যহ উহা পাঠ করিবার উপদেশ দিলেন। শিষ্য গুরু মহারাজের উপদেশ মতই কার্য্য করিতে লাগিল। একদিন প্রভাতে উঠিয়া দেখিল— জংলা ইঁদুরে তাহার গুরুদত্ত গীতার খানিকটা কাটিয়া ফেলিয়াছে। সে ভিক্ষায় লোকালয়ে গিয়া গীতাভক্ষক ইঁদুরের বিনাশের জন্য একটি বিড়াল লইয়া আসিল। বিড়ালটি বিনা মৎস্যে অন্ন গ্রহণ করে না দেখিয়া জঙ্গলের পার্শ্ববর্ত্তী পল্লীর একটি ইতর জাতীয়া স্ত্রীলোককে অনুরোধ করিল—ভিক্ষার চাউল হইতে রোজ তাহাকে কিছু চাউল দিয়া আসিবে। সে সেই চাউলের বিনিময়ে চুনো মাছ কিনিয়া তাই ভেজে যেন এই গীতারক্ষক জীবটিকে ভাত খাইয়ে যায়। স্ত্রীলোকটি সাধুর প্রস্তাবে সম্মত হইয়া প্রত্যহ বিড়ালটিকে মাছ ভাজা দিয়া ভাত খাওয়াইতে সাধুর আশ্রমে গতায়াত করিতে আরম্ভ করিল। নবদীক্ষিত সাধুর ভারতীয় সংস্কৃতি জানা ছিল না।—পণ্ডিতেরা বলেন—

> ঘৃতকুম্ভ-সমা নারী তপ্তাঙ্গার সমঃ পুমান্।
> অতো ঘৃতঞ্চ বহ্নিঞ্চ নৈকত্র স্থাপয়েদ্বুধঃ॥

অর্থ—স্ত্রীজাতি ঘৃতকলসীর সমান, আর পুরুষ জ্বলন্ত অঙ্গারের মত—ঘী ও আগুন একত্র রাখা উচিত নয়।

নূতন সাধুর এ সব জ্ঞানের বালাই না থাকায় তাহার গুরুর উপদেশানুসারে নির্ম্মিত কুটির বালক বালিকায় পূর্ণ হইয়া উঠিল। কয়েক বৎসর পর গুরু মহারাজ তাঁহার উপদেশে শিষ্য কেমন শান্তিতে আছে তাহা দেখিবার জন্য জঙ্গলের কুটিরে পদার্পণ করিয়া দেখিলেন কুটির আশ্রম বালক ও আশ্রম বালিকায় মুখর হইয়া উঠিয়াছে। শিষ্যের নিকট কারণ জিজ্ঞাসা করায়, সে সবিনয়ে উত্তর করিল— গুরু মহারাজ! ইয়ে সব গীতাকা ফেসাদ।

গীতা রক্ষাকা লিয়ে এ বিলাই লে আয়া, বিলাই বেগর মছলি ভাত নাই খাতা, ওহিসে এহি ঔরৎকো লে আয়া। ক্যা কহেঙ্গে গুরুজী ভগবানকা মর্জ্জিসে এ সব লেড়কা লেড়কী। গুরু মহারাজ অধম কো সব ছোড়া দিয়া, গীতা ভি ছোড়া দেতা তো ঠিক হো যাতা। এক গীতামে এত্তা ফেসাদ লাগা দিয়া। এই শিষ্যের মত দশা হয়েছে আমাদের স্বাধীনতা লব্ধ ভারতের। কুইট্ ইণ্ডিয়া, কুইট্ ইণ্ডিয়া (ভারত ছাড়ো, ভারত ছাড়ো) বলে আমরা বিনা-যুদ্ধে ইংরাজ তাড়ালাম। তবে কমানওয়েল্থ্ এর সঙ্গে গাঁটছড়া বেঁধেই রাখলাম। আমাদের পাশ্চাত্য শিক্ষিত ভাগ্য বিধাতা তাদের দেশের তাসের ঘর এদেশে আমদানী করিয়া দীন কাঙাল দেশের কত টাকা জলে দিতে একটুও ইতস্ততঃ করিলেন না। ওদের দেশের মতন দেশ রাতারাতি তৈরী করার দুরাশা তাঁহার উর্ব্বরচিত্তে উদয় হইয়া অর্থের আদ্য-শ্রাদ্ধ করাইতে পশ্চাৎপদ হইলেন না। জমির সার তৈরী করার জন্য মার্কিন যন্ত্রতন্ত্র, কারিকর আমদানী করা হইল। আবার এখন এই স্বাধীন দেশের উন্নতি করার ভার, যারা আণবিক বোমা দিয়া পরের দেশ ছারখার করিতে একটুও দ্বিধা করে না, তাদেরই শরণাপন্ন হইতে হইয়াছে। তারা নিজেদের টাকা কড়ি, লোকজন দিয়া এদেশকে সমৃদ্ধিশালী করিয়া তবে ছাড়িবে। আমাদের দেশ নাকি ধাড়ি বাচ্চা মার্কিনে ভর্ত্তি হতে আরম্ভ করেছে। ইংরেজ এতোদিন থেকে যা করতে পারেনি, এদের নেমন্তন্ন ক'রে এনে কোন্ স্বর্গ তৈরী হয় তা কর্ত্তারাই জানেন। আমাদের কিন্তু ভয় হয় কর্ত্তারা বুঝি ভুল করছেন। এরা এটম্ বোমওয়ালা কিনা। ইংরাজের চেয়ে জবর।

পুরাকালে ক্যান্তমণি প্রথমে একজন ছুতোর মিস্ত্রির আশ্রয়ে ছিল। ছুতোর দিনের বেলা ঠকাম, ঠকাম ক'রে কাঠ কাটতো তাতে দিনে ঘুম হতো না। ক্যান্তমণি ছুতোরকে ছেড়ে এক স্যাঁকরা কারিকরের নিকট আশ্রয় নিল। এ আবার দিনেও ঠক্ ঠক্ ক'রে রাত্রেও ঠক্ ঠক্ করে। ক্যান্তমণি তখন চোখের জল ফেলতো আর শ্লোক ক'রে বলতো—

> কি কর্ম্ম করলাম!
> ছুতোরটারে ছেড়ে দিয়ে
> স্যাকড়াটাকে ধরলাম!
> দিন ঠক্ ঠক্ রাত ঠক্ ঠক্
> ঠক্ ঠকিতে মরলাম।

গীতার ফেসাদের মত ধাড়ি বাচ্চা মার্কিনে এই অন্নহারা ছন্নছাড়া দেশ ভর্ত্তি হওয়াও ভীতিজনক, আবার ইংরেজ ছেড়ে মার্কিন ভজা ক্যান্তমণির মত বুককাটা কথা। ভরসা ভগবান্।

---

## মুর্শিদাবাদ
## জেলা-বোর্ড নির্ব্বাচনের ফলাফল

জঙ্গিপুর মহকুমা

ফরাক্কা নির্ব্বাচক মণ্ডলী—(১) গৌরগোপাল মিত্র—৪২৭, (২) মোদাস্সর হোসেন সেখ—৭৬১, (৩) মাতঙ্গীচরণ সিংহ—১৭৯৭

সমসেরগঞ্জ নির্ব্বাচক মণ্ডলী—(১) আজিজুর রহমান—১৩৮১ (২) মোহাম্মদ ইউনুস—১৫৪১

সুতী ( পূর্ব্ব ) নির্ব্বাচক মণ্ডলী—(১) আয়ুব আলি মিয়া—১০৬৭, (২) বিনয়ভূষণ সরকার—১২০ (৩) লুৎফল হক—১৩২৪

সুতী (পশ্চিম) নির্ব্বাচক মণ্ডলী—(১) আবদুল্লা—১৬৬৮, (২) আবদুল হামিদ সেখ—৩৭, (৩) বিজয়ভূষণ সরকার—১১৭৩, (৪) সুধাংশু সরকার—২৬৫

সাগরদীঘি নির্ব্বাচক মণ্ডলী—(১) আশরফ আলি মণ্ডল—৮৯৬ (২) কমলাক্ষ বন্দ্যোপাধ্যায়—১০৯৯, (৩) মোহাম্মদ রেজাউল্লা—১২৬৮, (৪) মোহাম্মদ ইয়াদ হোসেন—২৩৮

রঘুনাথগঞ্জ নির্ব্বাচক মণ্ডলী—(১) বদরুদ্দি আহম্মদ—৯৬৭, (২) ভূপেন্দ্রনারায়ণ চৌবে—৮৮৩ (৩) সিদ্দিক আহম্মদ বিশ্বাস—১৮৪, (৪) শচীন্দ্রনাথ রায়—৪৫১

রঘুনাথগঞ্জ-সাগরদীঘি নির্ব্বাচক মণ্ডলী—
(১) বৃন্দাবন ভট্টাচার্য্য—৭১৪, (২) মোহাম্মদ শাহ জামাল—৭২৩ (৩) শরদিন্দুভূষণ পাণ্ডে—১১৩৯

---

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর করদাতাগণকে জানান যাইতেছে যে জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর সাধারণ নির্ব্বাচন ১৯৫২ সালের ৭ই ডিসেম্বর ( রবিবার ) অনুষ্ঠিত হইবে।

শ্রীমুক্তিপদ চট্টোপাধ্যায়,
চেয়ারম্যান,
১৬।৫।৫২ জঙ্গিপুর মিউনিসিপ্যালিটী।

---


## বাটী বিক্রয়

রঘুনাথগঞ্জ ফাঁসীতলায় সদর রাস্তার উপর একখানি দ্বিতল পোক্তা বাটী বিক্রয় হইবে। নিম্নে অনুসন্ধান করুন।

শ্রীবটকৃষ্ণ ঘোষ
জঙ্গিপুর, মুর্শিদাবাদ।


# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### *নিলামের দিন ৯ই জুন ১৯৫২*

১৯৫২ সালের ডিক্রীজারী

১৫৯ থাং ডিঃ সর্দি বাঈ দেং উম্মত সেখ দাবি ১০৮৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে গদাইপুর ১২ শতক নিষ্কর জমির সেস ৻১১ পাই আঃ ৫৲ থং ১৪৭

১৬০ থাং ডিঃ ঐ দেং গৌরীশঙ্কর সিংহ দিং দাবি ৫০৮৯ মৌজাদি ঐ ৪-১৩ শতক নিষ্কর জমির সেস ১/৮ পাই আঃ ৪০৲ থং ১০০

৫১ থাং ডিঃ বিবি আমাতুস সুফিয়া সাহেবা দিং দেং ভোলানাথ সাহা দিং দাবি ৫৩৮৩ থানা সুতী মৌজে ফতেউল্লাপুর ১-৩৩ শতকের কাত ৩৮৫ নিজাংশে ১৵১৯ আঃ ৫৲ থং ৪১৫

৬৬ থাং ডিঃ যদুনন্দন দাস দিং দেং গৌরাঙ্গচন্দ্র সরকার দাবি ১৮।৵০ থানা সুতী মৌজে মহেশাইল ১৩৫ শতকের কাত ২৮৵০ আঃ ১০৲ থং ২৪৮৩

৬৭ থাং ডিঃ ঐ দেং লক্ষ্মীনারায়ণ সিংহ দাবি ২৮।/০ থানা ঐ মৌজে ভাবকী ৪॥৩ জমির কাত ৩/৫ আঃ ১০৲ থং ৫৩৩

১৪৭ থাং ডিঃ অনিলকুমার সেন দিং দেং জগন্নাথ দাস দাবি ১৮৭॥৵৯ থানা সুতী মৌজে আলোয়ানী ২০ একরের কাত ৩০৲ আঃ ২৫৲ থং ২

১৬৭ থাং ডিঃ চিন্ময়কুমার সেন দিং দেং শৈবলিনী সিংহ দাবি ২৯॥৵৯ থানা সুতী মৌজে আলোয়ানী ১০০২ শতকের কাত ৩৮৶৬ আঃ ১৫৲ থং ২৯৩

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### *নিলামের দিন ১৬ই জুন ১৯৫২*

১৯৫১ সালের ডিক্রীজারী

৩৭৮ থাং ডিঃ মাতয়ালি জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং দেবু ওরফে সা মহাম্মদ গোমিন দিং দাবি ২৪০।৶৬ থানা ফরাক্কা মৌজে বাহাদুরপুর ৩৪/১৻১৭ বিঘার কাত ৪৪৶৯ আঃ ১০০৲

১৯৫২ সালের ডিক্রীজারী

১১৩ থাং ডিঃ বিজনকুমার পাঁড়ে দিং দেং আবদুল আজিজ মণ্ডল দিং দাবি ৬৫।৵৩ থানা সমসেরগঞ্জ মৌজে অদ্বিতনগর ৫-৪৪ শতকের কাত ১১৻৯ পাই আঃ ২৫৲ থং ৫

৩০ থাং ডিঃ ধীরেন্দ্রনাথ রায় দিং দেং রঞ্জা বিবি দাবি ২১৶৯ থানা সমসেরগঞ্জ মৌজে মহাদেবনগর ১৬ শতকের কাত ॥৶৯ আঃ ৫৲ থং ৫৩

৩২ থাং ডিঃ ঐ দেং কয়েস সেখ দিং দাবি ১৫॥৶৬ মৌজাদি ঐ ১১ শতকের কাত ॥০ আঃ ৫৲

৩৪ থাং ডিঃ ঐ দেং মদন মণ্ডল দাবি ১৯॥৶৯ মৌজাদি ঐ ৬০ শতকের কাত ২/১ আঃ ৫৲ থং ৫৯২

৩৫ থাং ডিঃ ঐ দেং জোহাক আহম্মদ বিশ্বাস দাবি ২৭।৵৯ মৌজাদি ঐ ৯০ শতকের কাত ৪।৵৫ আঃ ৫৲ থং ৩৩১

১১৪ থাং ডিঃ জয়েণ্ট মাতয়ালি জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং আজিজ সেখ দিং দাবি ৩০৻৯ থানা ফরাক্কা মৌজে বাহাদুরপুর ১-৬১ শতকের কাত ৩৶০ আঃ ১৫৲

৭৯ থাং ডিঃ কামেশ্বরনাথ লালা দেং এবারক হোসেন দিং দাবি ১১॥৬ থানা সাগরদীঘি মৌজে খৈরটী ১৬ শতকের কাত ।/৭ পাই আঃ ৫৲ থং ৩৯

৮০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭॥/৩ মৌজাদি ঐ ৬১ শতকের কাত ।৮৵৬ আঃ ৫৲ থং ৪১২

৮৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৭৸০ থানা সাগরদীঘি মৌজে আথুয়া ১-২০ শতকের কাত ৪॥/১০ আঃ ৫৲ থং ৯৭

৮৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১০৮/৯ মৌজাদি ঐ ৮ শতক পুকুর কাত ৶০ আঃ ৫৲ থং ৫ মধ্যে

৩ মনি ডিঃ হরিপদ সাহা দিং দেং পঙ্কজকুমার সাহা দাবি ২২।৵০ থানা সাগরদীঘি মৌজে একরথি ২-১৮ মধ্যে ৫৪॥০ শতকের কাত পরতামত ৮৵০ আঃ ১০৲ থং ৯০

১ স্বত্ব ডিঃ নেহালিয়া ষ্টেটের ট্রাষ্টিগণ রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দিং দেং বীণাপানি দাসী দিং দাবি ২১।৶০ থানা সাগরদীঘি মৌজে ঈশ্বরবাটী ১৮৯ শতকের কাত ৭৲ আঃ ১০৲ থং ৪৯

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

***নিলামের দিন ১৬ই জুন ১৯৫২***

১৯৫২ সালের ডিক্রীজারী

৩ স্বত্ব ডিঃ নেহালিয়া ষ্টেটের ট্রাষ্টিগণ রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দিং দেং রসরাজ গোস্বামী মৃতান্তে শম্ভুনাথ গোস্বামী দিং দাবি ১১৮/৯ থানা সাগরদীঘি মৌজে চামুণ্ডা ৫৬ শতকের কাত ১॥০ আঃ ৫৲ খং ১৫ অধীনস্থ খং ৩২৫

৪ স্বত্ব ডিঃ ঐ দেং চারুমতি দেবী মৃতান্তে ত্রিভঙ্গিনী দেবী মৃতান্তে কন্যা বনশোভিনী দেবী দাবি ১৩॥/৯ থানা সাগরদীঘি মৌজে নওপাড়া ২-১৭ শতকের কাত ১/৯ আঃ ৫৲ খং ৩৩১

২৬ খাং ডিঃ আইজাননেসা বিবি দেং জিনাতুল্লা সেখ দিং দাবি ২১৵৬ থানা সাগরদীঘি মৌজে গাঙ্গাড্ডা ৯৯ শতকের কাত ৫৮৶৬ আঃ ২০৲ খং ২৫৫ রায়ত স্থিতিবান

৯৮ খাং ডিঃ আইজাননেসা বিবি দেং আবদুল রসিদ দিং দাবি ১০৪।৯ মৌজাদি ঐ ৩-৭৯ শতকের কাত ১৪॥০ আঃ ৯০৲ খং ২৬৩ মোকররী

৯৯ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৮।/৩ মৌজাদি ঐ ৪৯ শতকের কাত ৩/৬ খং ২৭৫ রায়ত স্থিতিবান

৮৬ খাং ডিঃ ৺গোপীনাথ দেব ঠাকুরের সেবাইত মোহান্ত মদনমোহন দাস দেং বৈদ্যনাথ দত্ত দাবি ১৬৮৶০ থানা সাগরদীঘি মৌজে মোরগ্রাম ৮ শতকের কাত ১॥২ আঃ ৭৲ খং ১১৫১

৮৭ খাং ডিঃ ঐ দেং কাশেম আলী সেখ দাবি ৪০৮৶৬ মৌজাদি ঐ ২-০৫ শতকের কাত ৬/৬ আঃ ৩০৲ খং ১১৮৩

৮১ খাং ডিঃ লাবণ্যগোপাল দেবনাথ কবিরাজ দিং দেং রমণীরঞ্জন রায় দিং দাবি ২৬১/৩ থানা সাগরদীঘি মৌজে ডাংরাইল ৮৪ শতকের কাত ৶০ দুই বিশ ধান আঃ ১০০৲ খং ১৬২

৮২ খাং ডিঃ ঐ দেং সরোজাক্ষ সরকার দিং দাবি ২৪০৲৯ মৌজাদি ঐ ৯৮ শতকের কাত ৶০ তিন বিশ ধান আঃ ১০০৲ খং ১৬০

১০৪ খাং ডিঃ সুরেন্দ্রনারায়ণ চৌধুরী দেং ক্ষুদিরাম মুখোপাধ্যায় দিং দাবি ৬৩।৬ থানা সমসেরগঞ্জ মৌজে সেরপুর ১-৬২ শতকের কাত ৯।৶১৪॥ আঃ ২৫৲ খং ৫৯ ও ১১৮






রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত